

১০০
৯

ইউজিসির বাকি তিন সদস্যের পদত্যাগ, নতুন সদস্য খোঁজা হচ্ছে

মোশতাক আহমেদ : অবশেষে পদত্যাগের আহ্বান জানানো বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বাকি তিন সদস্যও পদত্যাগ করেছেন। তাঁরা পদত্যাগপত্র আগামী ১৫ আগস্ট থেকে কার্যকর করার অনুরোধ জানিয়েছেন বলে জানা গেছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সচিবের মাধ্যমে দু'জন বৃহস্পতিই শিক্ষা সচিবের কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন। বাকিদের আজ বৃহস্পতিবার পদত্যাগপত্র জমা দেয়ার কথা শোনা গেলেও একটি সূত্র বলেছে তিনিও পদত্যাগ করে ফেলেছেন। এদিকে এরই মধ্যে নতুন সদস্যও খোঁজা শুরু হয়েছে বলে জানা গেছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বেশ কিছু শিক্ষকের নাম ইতোমধ্যে আলোচনার এলেও এখনও চূড়ান্ত হয়নি।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে সংস্কার করার লক্ষ্যে বর্তমান নির্দলীয় সরকার জোট সরকারের আমলে নিয়োগ পাওয়া চার সদস্যকে বৃহস্পতিবার পদত্যাগ করার আহ্বান জানানোর একদিনের মাথায় মঙ্গলবার পদত্যাগ করেন আলোচিত সদস্য অধ্যাপক ড. ফায়সুল ইসলাম ফারুকী। কিন্তু এভাবে পদত্যাগ এগ্রে বেকে বসেন বাকি তিন সদস্য। তাঁরা পূর্বে বিষয়টিকে ষড়যন্ত্র হিসেবে উদ্বেগ করে সরকারের সিদ্ধান্ত পুনর্বিবেচনার আহ্বান জানানোর পাশাপাশি সরকারের বিভিন্ন মহলে চেষ্টা ত্বরিত করতে থাকেন। বৃহস্পতি এই তিন সদস্য অধ্যাপক মোহাম্মদ মাহবুব উল্লাহ, অধ্যাপক সুলতান হোসেন এবং অধ্যাপক তারেক শামসুর রহমান শিক্ষা মন্ত্রণালয়ে গিয়ে শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরীর সঙ্গে দেখা করলে শিক্ষা উপদেষ্টা তাঁদের জানিয়ে দেন সংস্কার করা সরকারের নীতিগত সিদ্ধান্ত। তাই চলে যাওয়াই ভাল। সূত্রমতে, শিক্ষা উপদেষ্টার কাছ থেকে ইতিবাচক সাড়া না পেয়ে তাঁরা তিনজনই পদত্যাগ করার সিদ্ধান্ত নেন। তবে তাঁরা এখান উপদেষ্টার সঙ্গে সাক্ষাতকারের পাশাপাশি কিছু কাজের জন্য আগামী ১৫ আগস্ট থেকে পদত্যাগপত্র কার্যকর করার জন্য সচিবের সঙ্গে কথা বলেন। তাবই ধারাবাহিকতায় দু'জন সদস্য অধ্যাপক মোহাম্মদ মাহবুব

উল্লাহ এবং অধ্যাপক সুলতান হোসেন বিকাল তিনটার দিকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সচিব মোহাম্মদ মোফাক্কের মাধ্যমে শিক্ষা সচিব বুরায়ের তাঁদের পদত্যাগপত্র জমা দেন। মোহাম্মদ মোফাক্কের জনকণ্ঠকে দু'জন সদস্যের পদত্যাগপত্র পাওয়ার কথা স্বীকার করে বলেছেন, পদত্যাগপত্র শিক্ষা মন্ত্রণালয়ে বৃহস্পতিই পাঠিয়ে দেয়া হয়েছে। তিনি জানান, পড়ে আগামী ১৫ আগস্ট থেকে পদত্যাগপত্র কার্যকরের অনুরোধ জানানো হয়েছে। অধ্যাপক মোহাম্মদ মাহবুব উল্লাহও জনকণ্ঠকে পদত্যাগপত্র জমা দেয়ার কথা স্বীকার করেছেন। আরেক সদস্য অধ্যাপক তারেক শামসুর রহমানের আজ

(১১-পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

ইউজিসির বাকি তিন

(১২-এর পাতার পর)

বৃহস্পতিবার পদত্যাগপত্র জমা দেয়ার কথা শোনা গেলেও একটি সূত্র বলেছে বৃহস্পতিই তিনি পদত্যাগ করেছেন। অবশ্য এ বিষয়ে অধ্যাপক তারেক শামসুর রহমান কিছু বলেননি। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সচিব মোহাম্মদ মোফাক্কের বলেছেন, তাঁদের দফতরে এখনও অধ্যাপক তারেকের পদত্যাগপত্র আসেনি। শিক্ষা মন্ত্রণালয়ে সরাসরি পদত্যাগপত্র জমা দিতে পারেন। তাহলেও একটি কপি মঞ্জুরি কমিশন দফতরে আসতে হবে। তিনি জানান, অধ্যাপক তারেক তাঁকে জানিয়েছিলেন, আজ বৃহস্পতিবার তিনি পদত্যাগ করবেন। এর বাইরে তিনি কিছু জানেন না। তবে সূত্রটি বলেছে তিনিও পদত্যাগ করে ফেলেছেন।